যুগান্তর

তারিখ ... 16 JAN 2008
পৃষ্ঠা 2 কলাম ৫

১৮

# বিভিন্ন কলেজে অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের লাগাতার ধর্মঘট শুরু

## রাজধানীতে সড়ক অবরোধ লাঠিচার্জ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

দেশের বিভিন্ন কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীদের ডাকা লাগাতার ধর্মঘট চলছে। ধর্মঘটের প্রথম দিনে মঙ্গলবার দুপুরে ছাত্ররা রাজধানীর বিভিন্ন সড়ক ১ ঘণ্টা সড়ক অবরোধ করে রাখে। পুলিশের লাঠিচার্জে ২ ছাত্র আহত হয়েছে।

ধর্মঘটের প্রথম দিনে দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত তিতুমীর কলেজের ছাত্ররা কলেজের সামনের রাস্তা অবরোধ করে রাখে। এরপর মিছিল নিয়ে তারা মহাখালী ওভারব্রিজের দিকে আসে এ সময় পুলিশ তাদের ছত্রভঙ্গ কর লাঠিচার্জ করে। এতে ২ ছাত্র আহত হয় আহতরা হলেন— সমাজবিজ্ঞান দ্বিতীয় বর্ষে বিল্লাল হোসেন ও মার্কেটিং বিভাগের সুমন এছাড়া ঢাকা কলেজের ছাত্ররা দুপুর ১২টা থে ১ ঘণ্টা সড়ক অবরোধ করে রাখে। এতে ক নীলক্ষেত-ধানমণ্ডি সড়কে তীব্র যানজটের সৃ হয়। এ সময় যে ধরনের অপ্রীতিকর ঘট এড়াতে পুলিশ মোতায়েন করা ছিল। ত সেখানে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

ঢাকা কলেজের ছাত্র রাজীব রাতে যুগান্তরকে জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষ অনার্সের ইংরেজির প্রশ্নপত্র ফাঁস ও পরীক্ষা পেছানোর প্রতিবাদে এবং অটোপাসের দাবিতে তারা এ কর্মসূচি পালন করছেন। তাদের দাবি না মানা পর্যন্ত তারা এ কর্মসূচি অব্যাহত রাখবেন। এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থগিতকৃত পরীক্ষা আগামী ২৯ ও ৩০ জানুয়ারি নেয়ার ঘোষণা দিয়েছে।